

রেজুলেশনঃ সেপ্টেম্বর/২০২১

অধিবেশন নংঃ ০১

সেপ্টেম্বর/২০২১ মাসের শুদ্ধাচার সম্পর্কিত কমিটির সভার রেজুলেশন




স্থানঃ উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, গজারিয়া, মুন্সীগঞ্জ।

সভার তারিখঃ ২৮/০৯/২০২১খ্রি. সময়ঃ ১০.৩০ মি.

আলোচ্য সূচিঃ

- ১। ইলিশের প্রধান প্রজনন মৌসুমে মা ইলিশ সংরক্ষণ কার্যক্রম বাস্তবায়ন।
- ২। APA কার্যক্রম যথাযথ সময়ে বাস্তবায়ন প্রসঙ্গে।
- ৩। পরামর্শ প্রদানসহ সম্প্রসারণ কার্যক্রম বাস্তবায়ন প্রসঙ্গে।
- ৪। বিবিধ।

সভায় উপস্থিত সদস্যদের নাম, পদবী ও স্বাক্ষরঃ

সদস্যের নাম	পদবী	স্বাক্ষর
১। জনাব টিপু সুলতান উপজেলা মৎস্য কর্মকর্তা (অ.দা.)	সভাপতি	
২। তাছলিমা আকতার সম্প্রসারণ কর্মকর্তা (এনএটিপি-২ প্রকল্প)	সদস্য সচিব	
৩। সাবিকুন নাহার ক্ষেত্র সহকারী (ইউনিয়ন প্রকল্প)	সদস্য	
৪। খালেদ সাইফুল্লাহ অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	সদস্য	

সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম নিয়ে আলোচনা করেন। তিনি শুরুতেই দাপ্তরিক কাজ নিয়ে আলোচনা করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব তাছলিমা আক্তার, সম্প্রসারণ কর্মকর্তা বলেন যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলমান আছে। তিনি আরও জানান যে, কার্যক্রম ও মৎস্য চাষিদের পরামর্শ প্রদান স্বাভাবিকভাবে চলমান রয়েছে। অতঃপর সভাপতি মহোদয় সবাইকে জানান যে, ইলিশের প্রধান প্রজনন মৌসুমে মা ইলিশ বাস্তবায়নের জন্য সবাইকে আন্তরিকভাবে কাজ করতে হবে। আগামী ০৪/১০/২০২১ হতে ২৫/১০/২০২১ তারিখ পর্যন্ত মা ইলিশ সংরক্ষণ বিষয়ক কার্যক্রম বাস্তবায়িত হবে। পরিশেষে সভাপতি মহোদয় আরো বলেন যে, আমাদের সকলকে সময়ানুবর্তিতা, নিয়মশৃঙ্খলা ও শুদ্ধাচারের দিকে নজর দিতে হবে। সকলকে সময়মতো অফিসে আসতে হবে এবং সময়মতো অফিস ত্যাগ করতে হবে। নৈতিকতা ঠিক রেখে দাপ্তরিক কার্যক্রম সম্পূর্ণ করতে হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

সভাপতি
টিপু সুলতান
উপজেলা মৎস্য কর্মকর্তা(অ.দা.)
গজারিয়া, মুন্সীগঞ্জ।